দৈনিক সংবাদ

DEC. 02 2001
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# কাল জগন্নাথ ও জহুরুল হক হলে ছাত্রলীগ নেতাদের ওঠানো হবে

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** ঃ আগামীকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল ও জহুরুল হক হলের ছাত্রলীগের সকল বৈধ (ছাত্র) নেতা-কর্মীকে উঠানো হচ্ছে। সকাল ১০টায় হল দুটি খালি করে পরিচয়পত্র দেখিয়ে সকল বৈধ ছাত্রকে ওঠানো হবে। শনিবার উপাচার্যের কার্যালয়ে প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় সকল ছাত্রকে সকাল ১০টার আগে পরিচয়পত্র নিয়ে হল গেটে দাঁড়িয়ে থাকার নির্দেশ দেয়া হয়েছে।

উল্লেখ্য, গত ১৩ই নভেম্বর ছাত্রদল জগন্নাথ হল ও জহুরুল হক হলের ছাত্রলীগ নেতা-কর্মীদের বের করে দিয়ে হল দখল করে নেয়। এরপর ছাত্রলীগ বৃহত্তর আন্দোলনের হুমকি দিলে কর্তৃপক্ষ ছাত্রলীগের সাথে আলোচনা করে এ সিদ্ধান্ত নেন। এ প্রক্রিয়া কতটুকু কার্যকর হবে এটি এখন সকলের প্রশ্ন।

এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত বৃহস্পতিবার বিভিন্ন পত্রিকার ছবি ও রিপোর্টের ভিত্তিতে এ দুই হল দখলের ঘটনায় ৬ জন ছাত্রকে বহিষ্কার করলেও তদন্ত রিপোর্টে ৬ ছাত্রের মধ্যে মাত্র দুইজনের পরিচয় উল্লেখ করেছেন। তাছাড়া ওই রিপোর্টে কালো কাপড় দিয়ে ঢাকা ছবির লোকটি ছাত্রলীগের মিঠু হিসেবে উল্লেখ করা হয়েছে; কিন্তু আসলে তার নাম লিটন। বহিষ্কৃত মঈনুদ্দীন বাবু ও সাহাবুদ্দীন মুন্না ছাড়া যাদের পরিচয় দেয়া হয়নি তারা হলো, আবদুল মান্নান, ফরহাদ, ফয়সাল, সুমন, মিঠু।

দীর্ঘ ১৪ দিন তদন্তের পরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের পরিচয় জানতে না পারার ব্যাপারটি এখন ক্যাম্পাসে আলোচ্য বিষয় হয়ে দাঁড়িয়েছে।